

বিষয়ঃ নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর ২য় শিফট চালুকরনের বিষয়ে সরেজমিন যাচাই প্রতিবেদনের ভিত্তিতে মতামত প্রদান প্রসঙ্গে।

- (১) সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৩৭.০০.০০০০.০৭৭.১১.০০৫.১৪ (অংশ-১)-২২ তাং-২৩/০১/২০১৮খ্রিঃ।
(২) সূত্রঃ কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-২৩৯ তাং-১৫/০৩/২০১৮খ্রিঃ।
(৩) সূত্রঃ কারিগরি শিক্ষা অধিদপ্তরের স্মারক নং-৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৩২৫ তাং-১১/০৪/২০১৮খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের আলোকে আপনার অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নীলফামারী জেলার জলঢাকা উপজেলাধীন জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট এর ২য় শিফট চালুকরনের বিষয়ে যাচাই পূর্বক প্রতিবেদন প্রদানের জন্য ২নং সূত্র মোতাবেক পরিচালক (ভোকেশনাল) মহোদয়কে তদন্ত কর্মকর্তা মনোনয়ন পত্র করা হয়। তিনি ০৩ নং সূত্র মোতাবেক তদন্ত প্রতিবেদন দাখিল করেন।

তদন্ত কর্মকর্তা, পরিচালক (ভোকেশনাল) প্রতিষ্ঠানটির বিষয়ে নিম্নলিখিত সুপারিশ করেন-

- ১) যেহেতু প্রতিষ্ঠানে ২য় শিফট যথাযথভাবে পরিচালনা করা হয় না। সেহেতু প্রতিষ্ঠানের ২য় শিফট পরিচালনার অনুমতি বাতিল করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে সুপারিশ করা যেতে পারে।
২) বিধি মোতাবেক ২য় শিফটের ক্লাশ এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা না করায় ২য় শিফটের জন্য নিয়োগকৃত শিক্ষকদের এমপিওভুক্ত শিক্ষকদের এমপিও বাতিল এবং নন এমপিও শিক্ষকদের এমপিও প্রদান না করার জন্য সুপারিশ করা হলো।
৩) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রত্যয়ন মোতাবেক ২য় শিফটে ৩টি স্পেশালাইজেশনের অনুমতি থাকলেও অনুমতি বিহীন বাকী ২টি স্পেশালাইজেশনের (ব্যাকিং ও হিসাব রক্ষণ) পাঠদানের বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা যেতে পারে।
৪) ২য় শিফট পরিচালনার নীতিমালা অনুযায়ী ক্লাশ পরিচালনা না করে ১ম শিফটের ক্লাশ পরিচালনার বিষয়ে প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে।

এমতাবস্থায় তদন্ত প্রতিবেদনের সুপারিশের আলোকে-

- ক) প্রতিষ্ঠানের ২য় শিফট পরিচালনার অনুমতি বাতিল করার জন্য বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর নিকট সুপারিশ করে পত্র প্রেরণ করা যেতে পারে।
খ) বিধি মোতাবেক ২য় শিফটের ক্লাশ এবং অন্যান্য কার্যক্রম পরিচালনা না করায় ২য় শিফটের জন্য নিয়োগকৃত শিক্ষকদের এমপিওভুক্ত শিক্ষকদের এমপিও বাতিল এবং নন এমপিও শিক্ষকদের এমপিও প্রদান না করার জন্য সুপারিশ করা হলো।
গ) বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ডের প্রত্যয়ন মোতাবেক ২য় শিফটে ৩টি স্পেশালাইজেশনের অনুমতি থাকলেও অনুমতি বিহীন বাকী ২টি স্পেশালাইজেশনের (ব্যাকিং ও হিসাব রক্ষণ) পাঠদানের বিষয়ে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড কর্তৃপক্ষকে ব্যবস্থা গ্রহণের জন্য পত্র প্রেরণ করা যেতে পারে।
ঘ) ২য় শিফট পরিচালনার নীতিমালা অনুযায়ী ক্লাশ পরিচালনা না করে ১ম শিফটের ক্লাশ পরিচালনার বিষয়ে প্রতিষ্ঠানের অধ্যক্ষের বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করার জন্য সুপারিশসহ বিষয়টি আপনার সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল।
সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সচিব
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

দৃষ্টি আকর্ষণঃ সুবোধ চন্দ্র ঢালী, উপসচিব (কারিগরি)
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।


স্মারক নং- ৫৭.০৩.০০০০.০৯১.২০.০০৭.১৮-৩৯৩(৭)

স্বাক্ষরিত/-
(অশোক কুমার বিশ্বাস)
অতিরিক্ত সচিব (কারিগরি)
ও
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

তারিখঃ ১০/০৫/২০১৮খ্রিঃ

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (কারিগরি), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা প্রশাসক, নীলফামারী।
৩। উপসচিব (কারিগরি-২), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। সভাপতি, জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, নীলফামারী।
৫। অধ্যক্ষ, জলঢাকা বিজনেস ম্যানেজমেন্ট ইন্সটিটিউট, নীলফামারী।
৬। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৭। পিএ টু ডিজি, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।


(মোঃ জাফরুল ইসলাম)
সহকারী পরিচালক (এমপিও)
কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।